# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২. ইলম ও আলিমের মর্যাদা

## بَابٌ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالِمِ

আরবী

أَخْبَرَنَا مَرْوَانُ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ رَبِيعَةَ الصَّنْعَانِيُّ، حَدَّثَنَا رَبِيعَةُ بْنُ يَزِيدَ، قَالَ: سَمِعْتُ وَاثِلَةَ بْنَ الْأَسْقَعِ رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ طَلَبَ الْعِلْمَ فَأَدْرَكَهُ، كَانَ لَهُ كِفْلَانِ مِنَ الْأَجْرِ، فَإِنْ لَمْ يُدْرِكْهُ، كَانَ لَهُ كِفْلٌ مِنَ الْأَجْرِ

يزيد بن ربيعة الصنعاني قال أبو حاتم: منكر الحديث واهي الحديث

বাংলা

৩৪৭. রবী’আহ ইবনু ইয়াযীদ বলেন, আমি ওয়াসিলা ইবনুল আসক্বা’ রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যে ব্যক্তি জ্ঞান অন্বেষণ করে অত:পর তা অর্জন করতে সক্ষম হয়, তার জন্য রয়েছে দু’টি সাওয়াব; আর (অন্বেষণ করা সত্ত্বেও) যে তা অর্জন করতে সক্ষম হয়না, তার জন্য রয়েছে একটি সাওয়াব।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: ইয়াযীদ ইবনু রবী’আহ সম্পর্কে আবু হাতিম বলেন: সে মুনকারুল হাদীস (হাদীসের ক্ষেত্রে সে পরিত্যক্ত), সে ওয়াহীউল হাদীস (হাদীস শাস্ত্রে সে মূল্যহীন, তুচ্ছ)।’ নাসাঈ, উকাইলী, দারুকুতনী বলেন: (সে) মাতরুক।’ দেখুন মীযানুল ই’তিদাল ৪/৪২২; লিসানুল মীযান ৬/২৮৬।

তাখরীজ: ইবনু আব্দুল বার, জামি’ বায়ানিল ইলম, নং ২১৩; খতীব, ফাকীহ ওয়াল মুতাফাককিহ ২/৮৫; কুদায়ী, মুসনাদুশ শিহাব নং ৪৮১, ১৫১৩; তাবারানী, আল কাবীর ২২/৬৮ নং ১৬৫।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69658

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন